অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/23/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো মূখ্য বিকাশমান শিল্পগুলোতে জনবল উন্নয়নে সহায়তার উদ্দেশ্যে স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক শিক্ষানবীশ কর্মসূচি (SUNY APPRENTICESHIP PROGRAM)-র আওতায় 3 মিলিয়ন মার্কিন ডলার সম্প্রসারণের নির্দেশনা দিয়েছেন

সাইবারসিকিউরিটি, তথ্য প্রযুক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তা এবং অন্যান্য অগ্রাধিকার শিল্পের প্রোগ্রামগুলো মোহক ভ্যালি কমিউনিটি কলেজ (Mohawk Valley Community College, MVCC) কর্তৃক সমন্বয় করা হবে

গভর্নর কুওমো সেপ্টেম্বর 22 থেকে 29, 2019-কে জনবল উন্নয়ন সচেতনতা সপ্তাহ (Workforce Development Awareness Week) ঘোষনার সময় এ বিবৃতি আসে

লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হচুল এবং জনবল উন্নয়ন পরিচালক স্টেট জুড়ে জনবল উন্নয়ন উদ্যোগ (Workforce Development Initiative)- কর্মশালার নেতৃত্ব দেবেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্কের শিক্ষানবিস কর্মসূচিতে 3 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের ঘোষণা দিয়েছেন, যা গভর্নরের ঐতিহাসিক 175 মিলিয়ন মার্কিন ডলারের জনবল উন্নয়ন উদ্যোগ থেকে প্রাপ্ত প্রথম একীভূত তহবিল আবেদন (Consolidated Funding Application, CFA) পুরষ্কার। এই তহবিলটি কৃত্তিম বুদ্ধিমত্তা, সাইবারসিকিউরিটি, এবং তথ্য প্রযুক্তির পাশাপাশি অন্যান্য বিকাশমান শিল্পগুলোতে, অত্যন্ত গুরুত্বপূর্ণ শিক্ষানবিশ কর্মসূচি সম্প্রসারিত করবে, অন্যান্য SUNY স্কুল যার সমন্বয় করবে মোহক ভ্যালি কমিউনিটি কলেজ।

"শিক্ষানবিশ কর্মসূচিগুলো শিক্ষার্থীদের ভবিষ্যৎ কাজের জন্য প্রস্তুত করার উদ্দেশ্যে তাদের প্রয়োজনীয় শিক্ষাগত সুযোগ এবং হাতে কলমে প্রত্যক্ষ অভিজ্ঞতা প্রদান করে", **গভর্নর কুওমো বলেন**। "এই তহবিলের ফলে এই অত্যন্ত গুরুত্বপূর্ণ শিক্ষানবিশ কর্মসূচিগুলো সম্প্রসারিত হবে যা শিক্ষার্থীদের নিউ ইয়র্কের দ্রুত বিকাশমান প্রযুক্তি শিল্পগুলোতে সাফল্য অর্জন করতে এবং আমাদের স্টেটের উদীয়মান জনবলকে উন্নত করতে সহায়তা করবে।"

জনবল উন্নয়ন সচেতনতা সপ্তাহের সাথে একই সময়ে এটি উদ্বোধন হয়। লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হচুল এবং ওয়ার্কফোর্স ডেভেলপমেন্টের পরিচালক মাধুরী কমারেড্ডি ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, সেন্টার নিউ ইয়র্ক, সাউদার্ন টিয়ার, নর্থ কান্ট্রি এবং মোহক ভ্যালিতে সপ্তাহ জুড়ে জনবল উন্নয়ন উদ্যোগ

কর্মশালার নেতৃত্ব দেবেন। এরপরেই নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড, মিড-হডসন, ক্যাপিটাল রিজিয়ন এবং ফিঙ্গার লেকের সাম্প্রতিক কর্মসূচিগুলো অনুষ্ঠিত হয়।

"বর্তমানে সুলভ এমন কাজে নিয়োগের জন্য এবং পাশাপাশি পরবর্তী প্রজন্ম দ্বারা পূর্ণ হবে এমন কাজের নিয়োগকর্তাদের চাহিদা পূরণের উদ্দেশ্যে জনবল উন্নয়নকে আমরা নতুন উপায়ে পুনরায় কল্পনা করছি", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "175 মিলিয়ন মার্কিন ডলারের জনবল উন্নয়ন উদ্যোগ দক্ষতা ব্যবধানের পরিসমাপ্তি ঘটাতে এবং 21 শতাব্দীতে সাফল্য লাভের জন্য নিউইয়র্কবাসীদেরকে তাদের প্রয়োজনীয় কর্ম প্রশিক্ষণ এবং শিক্ষার ব্যবস্থা করতে সহায়তা করবে। SUNY শিক্ষানবিসি কর্মসূচির প্রায় 3 মিলিয়ন ডলার তহবিলের এই নতুন সম্প্রসারণ স্থানীয় নিয়োগকর্তাদের চাকরি পেতে সাহায্য করবে এমন প্রশিক্ষণ প্রোগ্রামে সহায়তা প্রদান করবে। জনবল উন্নয়নের উদ্দেশ্যে অভূতপূর্ব পর্যায়ের এই তহবিলের কথা আমাদের ছড়িয়ে দেয়া অব্যাহত রাখতে হবে, কারণ এই সহায়তার মাধ্যমে আমরা ব্যবসায়ের অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সাফল্যের জন্য প্রয়োজনীয় চাহিদা পূরণ করছি এবং স্টেট জুড়ে অগণিত নিউ ইয়র্কবাসী এবং তাদের পরিবারকে আর্থিক স্থিতিশীলতা এবং মর্যাদা দান করব।"

SUNY-এর চ্যান্সেলর ক্রিস্টিনা এম. জনসন বলেন, "SUNY-র শিক্ষানবিশি কর্মসূচিতে ইতোমধ্যে 40টিরও বেশি কোম্পানি এবং 750 জন ব্যক্তির অংশ নেওয়া মাধ্যমে গভর্নরের কর্মীবাহিনী উন্নয়ন উদ্যোগ দৃঢ় ফলাফলের ইংগিত দিচ্ছে। আজকের ঘোষিত সম্প্রসারণটি আমাদের শিক্ষার্থী এবং অন্যান্য ব্যক্তিদের ভবিষ্যতে উন্নতিলাভের সম্ভাবনাপূর্ণ শিল্পে কাজের সাথে যুক্ত করবে। গভর্নরকে তাঁর সহায়তার জন্য, এবং পাশাপাশি নিউ ইয়র্ক স্টেট লেবার ডিপার্টমেন্ট (New York State Department of Labor)-এ আমাদের অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশীদারদের প্রতি ধন্যবাদ জানাই।"

এম্পায়ার স্টেট ডেভলপমেন্ট (Empire State Development, ESD)-র ভারপ্রাপ্ত কমিশনার এবং সভাপতি ও CEO-মনোনীত এরিক জে জার্টলার বলেন, "ব্যবসায়ের সাফল্য আজ এমন একটি জনশক্তির উপর নির্ভরশীল যা একটি চির- পরিবর্তনশীল কর্ম পরিস্থিরির সাথে তাল মিলিয়ে চলতে পারে। কর্মক্ষেত্র পূরণে এবং 21 শতকের দক্ষতা যা আজকের অর্থনীতির জন্য অত্যাবশ্যকীয়, তার সাথে তাল মিলিয়ে চলার মত দক্ষ এবং শিক্ষিত কর্মী আমাদের রয়েছে তা নিশ্চিত করতে SUNY শিক্ষানবিসি কর্মসূচিটি গুরুত্বপূর্ণ।"

গভর্নরের ঐতিহাসিক কর্মীবাহিনী উন্নয়ন উদ্যোগ, আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল (Regional Economic Development Councils, REDCs)-কে কৌশলগত আঞ্চলিক প্রচেষ্টায় সহায়তার জন্য জড়িত করে যা বর্তমান জনবল চাহিদা পূরণ করে, আঞ্চলিক মেধা পাইপলাইন উন্নত করে, স্থানীয় জনবল সত্বার নমনীয়তা উন্নত করে, এবং কর্মক্ষেত্রে শিক্ষণ সুবিধা সম্প্রসারিত করে। নারী, অল্পবয়স্ক কর্মী, যুদ্ধপ্রবীণ, এবং বিকলাঙ্গতা থাকা ব্যক্তিবর্গ সহ কর্মজীবনের অগ্রগতিতে প্রায়শ বাধাপ্রাপ্ত হওয়া জনগনের অর্থনৈতিক নিরাপত্তা উন্নত করার প্রচেষ্টায় এই উদ্যোগটি সহায়তা করে।

কর্মীবাহিনী উন্নয়ন উদ্যোগ CFA-এর অংশ হিসেবে, SUNY ক্যাম্পাসগুলো, রূপান্তরিত (Customized) জনবল উন্নয়ন প্রশিক্ষণ কর্মসূচির জন্য, প্রাসঙ্গিক তহবিল রয়েছে এমন স্থানীয় নিয়োগকর্তাদের কাছে আবেদন করতে পারে। এখন পর্যন্ত, নর্থ কান্ট্রি, সাউদার্ন টিয়ার এবং মোহক ভ্যালি অঞ্চলগুলোতে প্রকল্পগুলো অনুমোদিত হয়েছে। স্থানীয় ব্যবসা থাকা নিম্নোক্ত কমিউনিটি কলেজগুলো প্রশিক্ষণ প্রদান করবে: এগ্রি-মার্ক (Agri-Mark) এবং আন্তর্জাতিক কাগজের (Internation Paper) জন্য নর্থ কান্ট্রি, রেমন্ড কর্পোরেশন (Raymond Corporation)-র জন্য ব্রুম, এলমাইরা সেভিংস ব্যাঙ্ক (Elmira Savings Bank)-র জন্য কর্নিং এবং সিএন্ড এইচ প্লাস্টিক (C & H Plastics)-র জন্য মোহক ভ্যালি।

আজ ঘোষিত 3 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ লেবার-এর অংশীদারিত্বে 2018 সালে চালু হওয়া SUNY-র শিক্ষানবিসি প্রোগ্রামকে সম্প্রসারিত করে। উন্নত উৎপাদন ও স্বাস্থ্যসেবা, সবেতন কর্মসংস্থান প্রদানে স্থানীয় নিয়োগকর্তাদের সক্ষম করা, চাকরীতে প্রশিক্ষণ এবং নিবন্ধিত শিক্ষানবিশদের পেশাগত সম্ভাবনার দিকে মনোযোগ দেয়ার মাধ্যমে এই কর্মসূচির সূচনা হয়েছিল। এখন পর্যন্ত, 40টিরও বেশি নিয়োগকর্তা অংশ নিয়েছেন এবং 750 জনেরও বেশি ব্যক্তি শিক্ষানবিশি এবং প্রাক-শিক্ষানবিশি প্রোগ্রামগুলো থেকে উপকৃত হয়েছেন।

কমিউনিটি কলেজ এবং এডুকেশন পাইপলাইনের সিনিয়র ভাইস চ্যান্সেলর জোয়্যানা ডানকান-পইটিয়ে, বলেন, "SUNY-র কমিউনিটি কলেজগুলো নিউ ইয়র্কের জনশক্তি উন্নয়ন প্রচেষ্টায় সর্বাগ্রে রয়েছে এবং স্টেটের অর্থনীতিতে ক্রমবর্ধমানভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ হিসেবে থাকছে। আমরা সন্তুষ্ট যে MVCC এই শিক্ষানবিশি সম্প্রসারণের সমন্বয় করেছে এবং আমরা আমাদের স্টেটের জনশক্তি শক্তিশালী করার জন্য ব্যবসা ও সরকারে আমাদের অংশীদারদের সাথে আরো কাজ করার প্রত্যাশা রাখি।"

মোহক ভ্যালি কমিউনিটি কলেজের সভাপতি র‍্যান্ডাল ভ্যানওয়াগনার, বলেছেন, "আমাদের অ্যাকাডেমিক প্রোগ্রামগুলোর সাথে হাতে কলম জনশক্তি প্রশিক্ষণের ভারসাম্য করতে মহাক ভ্যালি কমিউনিটি কলেজের জন্য শিক্ষানবিশি একটি ব্যতিক্রমী উপায় হয়ে রয়েছে। আমরা ও আমাদের অংশীদার কলেজগুলো, উন্নত উৎপাদনকে অতিক্রম করে গিয়ে তাদের অধিক্ষেত্র বাড়ানোর প্রত্যাশা করি। আমাদের ভবিষ্যৎ কর্মচারীদেরকে তাদের প্রয়োজনীয় সবচেয়ে প্রাসঙ্গিক দক্ষতায় আমরা প্রশিক্ষণ দিয়েছি তা নিশ্চিত করতে, তথ্য প্রযুক্তি এবং অন্যান্য শিল্পে আমাদের গুরুত্বপূর্ণ অংশীদার রয়েছে যারা এই নতুন সুযোগ থেকে উপকৃত হবে।"

শিক্ষানবিশি প্রোগ্রামের শিক্ষার্থীরা শিল্প-নির্দিষ্ট পড়াশোনা এবং প্রশিক্ষণে অংশ নেয় এবং তাদেরকে প্রাসঙ্গিক নির্দেশনা (Related Instruction) শর্তাবলী অবশ্যই পূরণ করতে হবে। নিবন্ধিত শিক্ষানবিশরা কর্পোরেট স্পনসর দ্বারা নিয়োগপ্রাপ্ত হয় এবং একটি শংসাপত্র অর্জন করে যেটি স্টেট এবং এর বাইরেও বহনযোগ্য।

SUNY কলেজগুলো কর্তৃক আয়োজিত শিল্প বিষয়ক আলোচনা সভার মাধ্যমে, ব্যবসায়ী সম্প্রদায়ের গুরুত্বপূর্ণ ব্যক্তিরা শিক্ষানবিশি সম্ভাবনাগুলো নিয়ে আলোচনা করতে এবং আরও অংশীদারিত্ব তৈরি

করতে বৈঠক করেছেন। নিয়োগকারী অংশীদারদের মধ্যে রয়েছে, অল সিজনিং ইনগ্রেডিয়েন্টস (All Seasonings Ingredients), বিচ নাট (Beech-Nut), ক্রাউন কোর্ক অ্যান্ড সিল (Crown Cork & Seal), ফেল্ডমায়ার ইকুইপমেন্টট (Feldmeier Equipment), নোলস প্রেসিশন ডিভাইসেস (Knowles Precision Devices), প্রেসিশন টুলস অ্যান্ড ম্যানুফ্যাকচারিং (Precision Tool and Manufacturing), এবং রিভিয়ার কপার প্রোডাক্টস (Revere Copper Products)।

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি সম্পর্কে

যুক্তরাষ্ট্রের স্টেট ইউনিভার্সিটি নিউ ইয়র্কে উচ্চতর শিক্ষার সর্বাধিক বিস্তৃত ব্যবস্থা, প্রদেশের প্রতিটি বাড়ি, স্কুল এবং ব্যবসার 30 মাইলের মধ্যে অবস্থিত 64 টি কলেজ এবং বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস সহ। 2018 সালের শীতে 424,000 এরও বেশি শিক্ষার্থী একটি SUNY ক্যাম্পাসের ডিগ্রি প্রোগ্রামে নাম লেখেন। সামগ্রিকভাবে, 2017-18 শিক্ষাবর্ষে, SUNY 1.4 মিলিয়ন ছাত্রদেরকে ক্রেডিট বহনকারী কোর্স এবং প্রোগ্রামে, অবিরত শিক্ষা এবং কমিউনিটি আউটরিচ প্রোগ্রামগুলিতে সেবা প্রদান করেছে। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। গবেষণা ও আবিষ্কারের ক্ষেত্রে এর ছাত্র এবং শিক্ষকরা উল্লেখযোগ্য অবদান রেখেছেন, 1.6 বিলিয়ন ডলারের গবেষণা পোর্টফোলিওতে অবদান রেখে। বিশ্বব্যাপী 3 মিলিয়ন SUNYর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন, এবং কলেজের ডিগ্রী সহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNYর প্রাক্তন শিক্ষার্থী। SUNY কীভাবে সুযোগ তৈরি করে সে সম্পর্কে আরো জানতে, www.suny.edu এ যান।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন